**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 05.08.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ নিম্নচাপ আপাতত সরে যাওয়ায়, দক্ষিণবঙ্গে বৃষ্টি কিছুটা কমলেও, ডিভিসি জল ছাড়ার পরিমাণ বাড়ানোয় বিভিন্ন এলাকা বানভাসি হওয়ার আশঙ্কা। # ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলেছেন, রাজ্যের মুখ্যমন্ত্রী।

২/ বাংলা ভাগের চেষ্টার অভিযোগকে সামনে রেখে আজ সরকার পক্ষ বিধানসভায় নিন্দা প্রস্তাব আনছে। # বিজেপি, এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করেছে।

৩/ মহিলা বনাধিকারিকের সঙ্গে দুর্ব্যবহারের জেরে রাজ্যের কারামন্ত্রী পদে ইস্তফা দিতে হচ্ছে, রামনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক অখিল গিরিকে।

# মন্ত্রীর বিরুদ্ধে মামলা রুজুর দাবী জানিয়েছেন বিরোধীরা।

৪/ বিশ্ব ঐতিহ্য সুন্দরবন, দেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম ব্যাঘ্র সংরক্ষণ ক্ষেত্রের স্বীকৃতী পেতে চলেছে।

*****************************************************************

গভীর নিম্নচাপ ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় দক্ষিণবঙ্গে বৃষ্টি কমলেও আজ দক্ষিণবঙ্গের পাঁচ জেলা- উত্তর ২৪ পরগণা, দুই বর্ধমান, মুর্শিদাবাদ ও বীরভূমে, বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামীকাল উত্তর ২৪ পরগণা ছাড়া বাকি চার জেলাতে ভারী বৃষ্টির সম্ভাবনা। পুরুলিয়া, বাঁকুড়া এবং পশ্চিম বর্ধমানে বুধবার বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। অন্যদিকে, উত্তরবঙ্গের পাঁচ জেলাতেই আজ ও আগামীকাল ভারী বৃষ্টির সতর্কতা জারি হয়েছে।

আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধায় জানালেন- ( বাইট- সৌরিশ )

এদিকে, ভারী বৃষ্টি এবং বিভিন্ন জলাধার থেকে ছেড়ে দেওয়া উদ্বৃত্ত জলে রাজ্যে বন্যা পরিস্থিতি তৈরী হয়েছে। দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছাড়ার ফলে বন্যা পরিস্থিতি তৈরীর আশঙ্কা দেখা দিয়েছে বাঁকুড়ার বড়জোড়া ও সোনামুখী ব্লক এলাকার একাংশে। জেলা প্রশাসনের পক্ষ থেকে দামোদর তীরবর্তী এলাকার মানুষজনকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে। অন্যত্র সরে যেতে বলা হচ্ছে দামোদরের নিম্ন অববাহিকায় বসবাসকারী মানুষদের। বাঁকুড়া জেলার পুলিশ সুপার বৈভব তিওয়ারি ও জেলাশাসক সিয়াদ এন গতকাল দুর্গাপুর ব্যারেজ পরিদর্শন করেন। ব্যারেজ থেকে এক লক্ষ ২৮ হাজার ৫০০ কিউসেক হারে জল ছাড়া হচ্ছে বলে আমাদের জেলা সঙ্গবাদদাতা জানাচ্ছেন। তবে, পাঞ্চেত থেকে জল ছাড়ার পরিমাণ অনেকটাই কমেছে।

পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের তরফে জামালপুর, খন্ডোঘোষ ও রায়নায় দামোদরের তীরবর্তী এলাকার মানুষজনকে নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। বন্ধ করে দেওয়া হয়েছে ফেরী চলাচল। জেলাশাসক কে রাধিকা আইয়ার জানিয়েছেন যে, ইতোমধ্যেই জেলায় ২২০টি বাড়ি পুরোপুরি এবং ১'হাজার ৩৮৫টি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ৫'হাজার ৫৭০ হেক্টর চাষের জমি ক্ষতিগ্রস্ত।

ঝুমি নদীর জল বাড়ায় পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমার বিভিন্ন গ্রাম বন্যার কবলে। ইতোমধ্যেই ডুবে গেছে গুরুত্বপূর্ণ রাস্তা, নদীর পাড়। দীর্ঘগ্রাম, মনসুকা সহ বেশ কয়েকটি গ্রামে জল ঢুকতে শুরু করেছে। বাঁশের সাঁকো ভেসে

যাওয়ায়, ঝুঁকি নিয়ে নৌকোয় করে পারাপার চলেছে। পশ্চিম মেদিনীপুরের জেলাশাসক গতকাল পরিস্থিতি পর্যালোচনায় প্রশাসনিক বৈঠক করেন।

অন্যদিকে, ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়ায় **নদীয়ার শান্তিপুরে** ভাগীরথীর জলস্তর বেড়েছে বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

তিলপাড়া ব্যারেজ থেকে জল ছাড়ায় জলস্তর বেড়েছে **মুর্শিদাবাদের** ব্রাহ্মণী, দ্বারকা ও ময়ূরাক্ষী নদীতে। ভরতপুর এক নম্বর ব্লকের কাশিপুরের কাছে গতকাল স্লুইস গেট (sluice gate) দিয়ে ময়ূরাক্ষী নদীর জল মাঠে ঢুকতে শুরু করে। কুয়ে নদীর জলস্ফীতিতে সুখদানপুর গ্রাম কার্যত বিচ্ছিন্ন।

**জলপাইগুড়ি** জেলায় প্রবল বর্ষণে পূর্বাভাস থাকায় জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন ব্লকে সাধারণ মানুষকে সতর্ক করে দেওয়া হচ্ছে।

**********************

বাঁধ থেকে জল ছাড়ার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের সঙ্গে রাজ্যের সম্ভাব্য বন্যা পরিস্থিতি নিয়ে ফোনে কথা বলেছেন। এক্স হ্যান্ডেলে তিনি জানিয়েছেন, তেনুঘাট থেকে আচমকা বিপুল পরিমাণ জল ছাড়ার ফলে বাংলায় ইতোমধ্যেই প্লাবন দেখা দিয়েছে। বিষয়টিতে নজর দেওয়ার জন্য শ্রী সোরেনকে অনুরোধ করেছেন মুখ্যমন্ত্রী।

এর প্রেক্ষিতে জল ছাড়ার পরিমাণ কিছুটা কমানো হচ্ছে বলে খবর।

**********************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের মল্লিকপুরে, জলের স্রোতে রিল্‌স বানাতে গিয়ে এক কিশোর তলিয়ে গেছে। মল্লিকপুরের'ই বাসিন্দা মহম্মদ শামিম নামে ওই কিশোর উত্তরভাগ পাম্পিং স্টেশনে ঘুরতে যায়। কলকাতা পৌর এলাকা রাজপুর, সোনারপুর, বারুইপুর এমনকি উত্তর ২৪ পরগণার একটা অংশের জল, এই পাম্পিং স্টেশন হয়ে বিদ্যাধরী ও মাতলা নদীতে গিয়ে পড়ে। খালে পড়ার সময় সেখানে বিরাট স্রোতের সৃষ্টি হয়। তা' দেখতে দিনে দিনে লোকের সংখ্যা বাড়ছে

উত্তরভাগ পাম্পিং স্টেশনে। নিখোঁজ শামিমের সন্ধানে তল্লাশি চলছে বলে বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সর্দার জানিয়েছেন।

এদিকে, বিভিন্ন নদীতে জল বাড়ায়, নদীর পাড়ে দাঁড়িয়ে ফোটোশ্যুট, রিল্‌স তৈরী বা দুঃসাহসিক কর্মকান্ড থেকে মানুষকে বিরত থাকার আবেদন জানিয়েছেন, পূর্ব বর্ধমানের জেলাশাসক কে রাধিকা আইয়ার। জেলার প্লাবন-জনিত পরিস্থিতি মোকাবিলায় সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

**********************

বাংলা ভাগের চেষ্টার অভিযোগকে সামনে রেখে আজ সরকার পক্ষ বিধানসভায় নিন্দা প্রস্তাব আনছে। অধিবেশন পরিচালনা বিধির ১৮৫ নম্বর ধারায় এই প্রস্তাব আনা হয়েছে। বাংলা ভাগের অপচেষ্টা করা হচ্ছে বলে উল্লেখ রয়েছে প্রস্তাবে। বলা হয়েছে, এই ধরনের উদ্যোগ থেকে বিরত থাকার জন্য বিধানসভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করছে। প্রস্তাবের শেষ অংশে, রাজ্যের সব শ্রেণির মধ্যে ঐক্য, সংহতি, শান্তি ও সম্প্রীতি রক্ষার স্বার্থে পশ্চিমবঙ্গকে অটুট রাখার জন্য সকল স্তরের জনগণের কাছে আবেদন জানানো হয়েছে।
বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের নাম না করে বলা হয়েছে, উত্তর পূর্বের সঙ্গে উত্তরবঙ্গকে যুক্ত করার প্রস্তাব, রাজ্য ভাগের'ই নামান্তর। ঝাড়খন্ডের বিজেপি সাংসদ নিশিকান্ত দুবের মন্তব্যের'ও উল্লেখ রয়েছে নিন্দা প্রস্তাবে।

বিজেপি, এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করেছে। দলের তরফে পরিস্কার জানানো হয়েছে, বিজেপি বাংলাভাগের বিরুদ্ধে।

**********************

নরেন্দ্র মোদী সরকার সংসদে ১০০ দিনের কাজ প্রকল্পে বাংলাকে গত অর্থবর্ষে কোনো টাকা না দেবার কথা স্বীকার করেছে বলে তৃণমূল কংগ্রেস সাংসদ ডেরেক ও'ব্রায়ান এক্স হ্যান্ডেলে জানিয়েছেন।

রাজ্যসভায় সরকার পক্ষের জবাবের নথির ছবি দিয়ে তিনি বলেছেন, এই নথিতেই স্পষ্ট , ২০২৩-২৪ অর্থবর্ষে MG-নারেগা খাতে রাজ্যকে কোনো অর্থই দেওয়া হয়নি। এই কারণেই  দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি ২০২১-এ বিধানসভা নির্বাচনে বিজেপি হেরে যাওয়ার পর থেকে কেন্দ্রের মোদী সরকার বাংলাকে কত টাকা দিয়েছে, তা’ নিয়ে শ্বেতপত্র প্রকাশের দাবী জানিয়ে আসছেন।

**********************

মহিলা বনাধিকারিকের সঙ্গে দুর্ব্যবহারের জেরে রাজ্যের কারামন্ত্রী পদে ইস্তফা দিতে হচ্ছে, রামনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক অখিল গিরিকে। দলীয় নেতৃত্বের তরফে তাঁকে পদত্যাগ এবং ওই বনাধিকারিকের কাছে ক্ষমা চাওয়ার নির্দেশ দেওয়া হয়। অখিল গিরি জানিয়েছেন, তিনি দলের এক অনুগত সৈনিক। রাজ্য সভাপতির নির্দেশ মেনে পদত্যাগ করছেন তিনি।

পূর্ব মেদিনীপুরের তাজপুরে কাঁথি রেঞ্জের ফরেস্ট অফিসার মনীষা সাউকে অখিল গিরির শাসানি এবং কটু মন্তব্যের ভিডিও ভাইরাল হলে, সমালোচনার ঝড় ওঠে। সমুদ্রসৈকত এলাকায় বন দফতরের জায়গা থেকে উচ্ছেদ হওয়া হকারদের সমর্থনে ওই এলাকায় গিয়েছিলেন কারা মন্ত্রী। কর্তব্যরত সরকারি আধিকারিকের সঙ্গে দুর্ব্যবহার করা নিয়ে আত্মপক্ষ সমর্থনে এজন্য তিনি মহিলা আধিকারিককেই দায়ী করেন। কিন্তু কড়া অবস্থান নেয় তৃণমূল কংগ্রেস। দল এই আচরণ সমর্থন করে না এবং অখিল গিরিকে পদত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে বলে আজ জানান তৃণমূল কংগ্রেসের মুখপাত্র শান্তনু সেন।

(বাইট- শান্তনু  )

অখিল গিরির ইস্তফাতে সন্তুষ্ট নন বিরোধীরা। তাঁর বিরুদ্ধে FIR দায়ের করার দাবী জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি বলেছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্পর্কে কুরুচিকর মন্তব্য করার জন্য যদি তখনই মুখ্যমন্ত্রী তার বিরুদ্ধে ব্যবস্থা নিতেন, তাহলে আজ এইদিন দেখতে হত না।
একই মন্তব্য করেছেন, বিজেপির রাজ্য মুখপাত্র, সাংসদ শমীক ভট্টাচার্য’ও।

( বাইট- শমীক)

CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, পদত্যাগ নয়, অখিল গিরির মন্ত্রী পদ খারিজ হওয়া উচিত ছিল।

*********************

নিয়োগ দুর্নীতি মামলায়, মুর্শিদাবাদের বড়ঞার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে, এনফোর্সমেন্ট নির্দেশনালয়- ইডি আজ সিজিও কমপ্লেক্সে তলব করেছে।

গতবছর এপ্রিল মাসে নিয়োগ দুর্নীতি কান্ডে সিবিআই, বিধায়ক জীবনকৃষ্ণকে গ্রেপ্তার করেছিলো। গত মে মাসে জামিনে তিনি মুক্তি পান। এবার তাঁকে তলব করলো- ইডি ।

*********************

দক্ষিণ ২৪ পরগণার জয়নগরের পূর্ব রঘুনাথপুর গ্রামে মাটির ঘরের দেওয়াল চাপা পড়ে এক মহিলার মৃত্যু হয়েছে। আহত একটি শিশু সহ চারজন। জানা গেছে, গতরাতে ঘুমন্ত অবস্থায় তাঁদের ওপর মাটির দেওয়ালটি ধসে পড়ে। সাহানারা জমাদার নামে বছর ৩২-এর ওই মহিলার ঘটনাস্থলেই মৃত্যু হয়। আহতদের হাসপাতালে চিকিৎসা চলেছে।

*********************

বিশ্ব ঐতিহ্য সুন্দরবন দেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম ব্যাঘ্র সংরক্ষণ ক্ষেত্রের স্বীকৃতি পেতে চলেছে। বর্তমানে ২ হাজার ৫৮৫.৮৯ বর্গ কিলোমিটার বনাঞ্চল সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের আওতায় রয়েছে। এই স্বীকৃতি পেলে সংরক্ষিত বনাঞ্চলের পরিমাণ দাঁড়াবে ৩ হাজার ৬২৯.৫৭ বর্গ কিলোমিটার। রাজ্যের মুখ্য বন্যপ্রাণী সংরক্ষক দেবল রায় আকাশবাণীকে জানিয়েছেন, দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘি, মাতলা এবং রামগঙ্গা এই তিনটি রেঞ্জকে বর্ধিত ক্ষেত্রের আওতায় আনা হচ্ছে। সুন্দরবনে বর্তমানে বাঘের সংখ্যা ১০১ এবং এই অরণ্য দেশের সপ্তম বৃহত্তম ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র হিসেবে চিহ্নিত।

*********************

পূর্ব রেলের হাওড়া ডিভিশন, শ্রাবণী মেলায় যাওয়ার জন্য তারকেশ্বর ও শেওড়াফুলির মধ্যে চলতি মাসের তিনটি সোমবার অর্থাৎ ৫, ১২ ও ১৯ তারিখ আরো একটি EMU স্পেশাল ট্রেন চালাবে।

তারকেশ্বর থেকে সকাল ১০ টা ৩ মিনিটে ছেড়ে শেওড়াফুলিতে এই ট্রেন পৌঁছাবে ১০ টা ৫০ মিনিটে এবং শেওড়াফুলি থেকে সকাল ১০ টা ৫৮ টায় ছেড়ে তারকেশ্বর পৌঁছবে বেলা ১১ টা ৪৮ মিনিটে।

*********************

কল্যাণীতে কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের ম্যাচে গতকাল ইউনাইটেড স্পোর্টস ক্লাব ২-০ গোলে কালীঘাট এম এস-কে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৭ মিনিটে সুজল মন্ডল ও ৫৭ মিনিটে তারক হেমব্রম গোল করেন।

চুঁচুড়ায় অন্য ম্যাচে বিএসএস স্পোর্টস ক্লাব ৩-১ গোলে উয়াড়ি অ্যাথলেটিক ক্লাবকে হারিয়ে দিয়েছে। বিএসএসের হয়ে প্রীতম সরকার, রমিন গোলদার, সৌরভ সেন গোল করেন। উয়াড়ির হয়ে একমাত্র গোল করেন সাগর মন্ডল।

অন্যদিকে, যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপ ফুটবলে, কেরালা ব্লাস্টার্স ও পাঞ্জাব এফসির মধ্যে গ্রুপ পর্বের ম্যাচটি ১-১ গোলে শেষ হয়েছে।

কেরালার হয়ে মহম্মদ এইমেন ও পাঞ্জাবের হয়ে লুকা মাজসেন গোল করেছেন।

************************************************************